



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১-৬৬২

তারিখ : ১৬ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ আদেশ

১২.০৮.২০২১ তারিখে অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষার ফলাফল এবং এ সংক্রান্ত কমিটির সিদ্ধান্তের আলোকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর বিধি ৪ ও ৬ অনুযায়ী জাতীয় বেতন স্কেল ২০১৫ এর বেতনক্রম ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) টাকা এবং অন্যান্য আনুষঙ্গিক ভাতাদিসহ নিম্নোক্ত ব্যক্তিগণকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে রেন্ট এ্যাসিস্টেন্ট পদে নিয়োগ প্রদান করা হলো :

ক্র. নং	প্রার্থীর নাম ও পিতার নাম	বর্তমান ঠিকানা
১.	জনাব মোঃ ইফরাত হোসেন পিতা- মোঃ আবুল হোসেন	৯৩/৩/১২-এ, কমিশনার রোড, ধলপুর, পোস্ট-ওয়ারী, থানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা-১২০৩।
২.	জনাব মোঃ সাইফুল ইসলাম সজীব পিতা-মোঃ মানিক মিয়া	১২৯/২১, পলাশ উবন, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট স্টাফ কোয়ার্টার, পোস্ট-মোহাম্মদপুর, থানা-শের-ই-বাংলানগর, জেলা-ঢাকা-১২০৭।
৩.	শ্রী শুভ চন্দ্র বর্মন পিতা- মিলন চন্দ্র বর্মন	২৮/১, কে, সনাতন নগর, হাজারীবাগ, বিগাতলা, ঢাকা দক্ষিণ, পোস্ট-বিগাতলা, থানা-হাজারীবাগ, জেলা-ঢাকা-১২০৯।
৪.	জনাব মারুফ হাওলাদার পিতা-আওলাদ হোসেন হাওলাদার	গ্রাম-কাজুলিয়া, গোপালগঞ্জ, পোস্ট- কাজুলিয়া, পোস্ট কোড-৮১০০, থানা-গোপালগঞ্জ সদর, জেলা-গোপালগঞ্জ।
৫.	জনাব রেদোয়ান বিন মোস্তফা পিতা-সামছুল হুদা কীজল	৬৬/২/৩, মানিকনগর, ওয়াসা রোড, পোস্ট-ওয়ারী, থানা-মুগদা, জেলা-ঢাকা-১২০৩।
৬.	জনাব শ্রাবনী আক্তার লাবনী পিতা- মোঃ আব্বাস উদ্দিন	১/ক, শূক্ৰাবাদ, পোস্ট-মোহাম্মদপুর, থানা-শের-ই-বাংলানগর, জেলা-ঢাকা-১২০৭।
৭.	জনাব কাকলী খানম পিতা-কাদের ফকির	গ্রাম-টুঞ্জীপাড়া, পোস্ট-টুঞ্জীপাড়া, পোস্ট কোড-৮১২০, থানা-টুঞ্জীপাড়া, জেলা-গোপালগঞ্জ।

২। শর্তাবলী :

- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৬ (১) (ক) উপবিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ ০২ (দুই) বছর শিক্ষানবিস থাকবেন। তবে প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ একই বিধিমালার ৬ (১) (খ) শর্তমতে কোনো কারণ লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবে;
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৬ (৩) (ক) উপবিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কর্মচারীর শিক্ষানবিসকাল সন্তোষজনভাবে উত্তীর্ণ হলে উপবিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাকে চাকুরিতে স্থায়ী করা হবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকুরিতে যোগদানের তারিখ হতে স্থায়ী হবেন;
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৬ (৩) (খ) (অ) উপবিধি অনুযায়ী শিক্ষানবিস সময়ের জন্য আচরণ ও কর্মসন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরি থেকে অব্যাহতি প্রদান করতে পারবে;
- নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণকে যোগদান কালে যথাযথ কর্তৃপক্ষ (সিভিল সার্জন) কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করতে হবে;
- অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৪ (২) (খ) উপবিধি অনুযায়ী যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদন করা হবে। বিরূপ কোনো মন্তব্য পাওয়া গেলে এ অস্থায়ী নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

- (জ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়ালস্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (ঝ) উপর্যুক্ত শর্তে নিয়োগকৃত পদে যোগদানে ইচ্ছুক প্রার্থীগণকে আগামী ১৫.০৯.২০২১ খ্রি. তারিখ সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর যোগদান করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(আকরামুজ্জামান)

সচিব

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ফোন : ০২-২২৩৩৮৩৫০৭

স্মারকসংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১-৬৬২ (২৫)

তারিখ : ১৬ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রধান রাজস্ব কর্মকর্তা, চাদসিক।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, চাদসিক।
- ৩। মেয়রের একান্ত সচিব, চাদসিক (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা স্টাফ অফিসার, চাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, চাদসিক (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৬। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও ৩, চাদসিক।
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা (বেতন), চাদসিক।
- ৮। শাখা সহকারী, সংস্থাপন শাখা-২, চাদসিক।
- ৯। জনাব
- ১০। ব্যক্তিগত নথি ৭ (সাত) কপি।
- ১১। অফিস আদেশ বহি।
- ১২। অফিস কপি (নথি নং-৪৬.২০৭.০০০.০৩.০১.২৯৭.২০২১, তারিখ-১৮.০১.২০২১)।



০১.০৬.২০২১

(কামাল হোসেন)

সহকারী সচিব

সংস্থাপন শাখা-১

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।